

নং-১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ-১).২১২

তারিখঃ ০১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র জেলা জজ) জনাব মোঃ গোলাম কিবরিয়া এর অনুকূলে এককালীন অর্জিত ছুটির নগদায়ন (Lump Grant) মঞ্জুর।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র জেলা জজ) জনাব মোঃ গোলাম কিবরিয়া এর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুরের পর ২০ মাস অর্জিত ছুটি পাওনা থাকায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৩ এপ্রিল, ২০১৬ খ্রি. তারিখের এস. আর. ও. ৯৭-আইন/২০১৬ মোতাবেক জারিকৃত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর ১০(২)(খ) অনুচ্ছেদ অনুসারে তাঁর মূল বেতন = ৭৮,০০০/- (আটাত্তর হাজার) হওয়ায় তাঁকে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৭৮,০০০ x ১৮) = ১৪,০৪,০০০/- (চৌদ্দ লক্ষ চার হাজার) টাকা অর্জিত ছুটির নগদায়ন হিসেবে (Lump Grant) মঞ্জুর করা হলো।

০২। এই ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরের ১২১০১০১১০৪৪১৯ সচিবালয়-৩১১১১০১ নং খাতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বিকলনীয়।



(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd

ফোন: ৯৫৭৭৪২০

চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৫ম তলা, কক্ষ নং-৫০৩, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. জনাব মোঃ গোলাম কিবরিয়া, সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র জেলা জজ), আইন ও বিচার বিভাগ।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪), আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, আইন ও বিচার বিভাগ।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যক্তিগত কর্মকর্তা [যুগ্মসচিব (প্রশাসন-২)/উপসচিব (প্রশাসন-২)], আইন ও বিচার বিভাগ।
৮. অফিস কপি।